



# এনএইচএস অ্যাবডোমিনাল অ্যাওটিক অ্যানিউরিজম (উদরীয় মহাধমনীর স্ফীত হওয়া) (এএএ) স্ক্রিনিং প্রোগ্রাম

Bengali

## আমরা কীভাবে আপনার ব্যক্তিগত তথ্য ব্যবহার করি (কখনও কখনও এগুলোকে ব্যক্তিগত ডেটা বলা হয়)

আপনার জন্য এটা বোঝা গুরুত্বপূর্ণ যে আমরা কীভাবে আপনার ব্যক্তিগত তথ্য ব্যবহার করি। অনুগ্রহ করে এই কার্ডটি পড়ুন আর আপনার কোন প্রশ্ন বা উদ্বেগ থাকলে তা আমাদের সরাসরি জানিয়ে দিন।

যেহেতু আপনি একজন জিপি-এর সাথে নিবন্ধিত আছেন, তাই আপনার কাছে ইংল্যান্ডের এনএইচএস প্রোগ্রামের অংশ হিসেবে অ্যাবডোমিনাল অ্যাওটিক অ্যানিউরিজম (উদরীয় মহাধমনীর স্ফীত হওয়া) (এএএ) স্ক্রিনিং পাওয়ার অধিকার রয়েছে। আমাদের নীতির পরিবর্তন হলে ভবিষ্যতে পরবর্তী স্ক্রিনিং-এর জন্য পুনরায় আপনার সাথে যোগাযোগ করা এতে অন্তর্ভুক্ত থাকতে পারে। আপনার কেয়ার-এর অংশ হিসেবে আমরা এর বিস্তারিত বিবরণ এনএইচএস হেলথকেয়ার পেশাজীবীদের কাছে পাঠিয়ে দিতে পারি যারা স্ক্রিনিং বা পরবর্তী পরীক্ষাসমূহ এবং চিকিৎসার সাথে জড়িত রয়েছেন। আমাদেরকে একটি নিরাপদ এবং কার্যকরী স্ক্রিনিং পরিষেবা অফার করার জন্য সহায়তা দিতে, আপনার এবং স্ক্রিনিং ক্লিনিকে আপনার ডিজিটাল সম্পর্কিত তথ্য আমরা আমাদের কম্পিউটার সিস্টেমে (দ্যা ন্যাশনাল স্ক্রিনিং সিস্টেম) রেকর্ড করি। এই তথ্যে অন্তর্ভুক্ত থাকে আপনার স্বাস্থ্য, আপনার ধমনীর (অ্যাওটা) ইমেজ এবং মাপজোক সম্পর্কিত প্রশ্নের জবাবে আপনার উত্তর যা আমরা ক্লিনিকটিতে রেকর্ড করে রাখি।

আমরা নিম্নলিখিতে বিষয়ের জন্য আপনার অনুমতি পেতে চাই:

1. দ্যা ন্যাশনাল এএএ স্ক্রিনিং সিস্টেম-এ আপনার এবং স্ক্রিনিং ক্লিনিকে আপনার ডিজিটাল সম্পর্কিত তথ্য মজুদ করে রেখে দিতে আর আমাদেরকে নিরাপদ এবং কার্যকরী স্ক্রিনিং অফার করার জন্য এই তথ্য ব্যবহার করে সাহায্য করতে।
2. এএএ-এর জন্য আপনাকে স্ক্রিন (যাতে আপনার পেটের একটি আলট্রাসাউন্ড অন্তর্ভুক্ত রয়েছে) করতে এবং আপনাকে ফলাফল জানাতে

3. আপনার এএএ আছে এমনটি পাওয়া গেলে, দ্যা ন্যাশনাল ভাস্কুলার রেজিস্ট্রি (এনভিআর) (the National Vascular Registry (NVR))-এর মাধ্যমে একজন ভাস্কুলার সার্জনের সাথে আপনার তথ্য শেয়ার করতে লোকজনেরা যাতে সময় মতো এবং উচ্চমানের চিকিৎসা প্রাপ্ত করেন তা সুনিশ্চিত করার জন্য আমাদের এটি করার প্রয়োজন রয়েছে।
4. আপনি আমাদেরকে আপনার ব্যক্তিগত তথ্য রিসার্চের উদ্দেশ্যে ব্যবহার করতে দিতে সম্মত আছেন কিনা তা জানার জন্য, আপনার সাথে যোগাযোগ করতে

**অনুগ্রহ করে মনে রাখবেন, আমরা শুধুমাত্র তখনই আপনাকে স্ক্রিন করতে পারি যদি আপনি উপরের পয়েন্ট 1, 2 এবং 3 এর সাথে সম্মত হন।**

যদি আপনি স্ক্রিন করার অফারটি বেছে নিতে ইচ্ছুক না হোন, সেক্ষেত্রে আমরা একটি রেকর্ড রাখবো এটি প্রমাণ করার জন্য যে আমরা আপনার সাথে যোগাযোগ করেছিলাম, আর আমরা আপনার জিপি-কে জানাতে পারি যে আপনাকে স্ক্রিন করা হয়নি। **আমরা কীভাবে আপনার ব্যক্তিগত তথ্য নিয়ে কাজ করি সে ব্যাপারে আরও তথ্য জানতে দেখুন এনএইচএস চয়েসেস (NHS Choices): [www.nhs.uk/aaa](http://www.nhs.uk/aaa).**

**ইমেইল: [PHE.screeninghelpdesk@nhs.net](mailto:PHE.screeninghelpdesk@nhs.net); ওয়েবসাইট: [www.nhs.uk/aaa](http://www.nhs.uk/aaa)**

আগস্ট 2016-তে হালনাগাদ করা হয়েছে